# এপ্রিল/২০২৩ মাসের জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী
## জেলাঃ রাজশাহী

সভাপতি : শামীম আহমেদ
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসক, রাজশাহীর সম্মেলন কক্ষ
তারিখ : ১৬/০৪/২০২৩ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা

আলোচনা – ১: পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য সচিব জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন। গত সভার কার্যবিবরণী পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার সিদ্ধান্ত সমূহ দৃঢ়িকরণ করা হয়।

আলোচনা -২: ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মজুদ ও মূল্য পরিস্থিতি।

উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী চলতি এপ্রিল/২৩ মাসের রাজশাহী জেলার ইউরিয়া, টিএসপি, এমওপি ও ডিএপি সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ ও অনুত্তোলিত সারের পরিমান উল্লেখ করেন যা নিম্নরুপ ।

| # | উপজেলার নাম | ইউরিয়া | | | টিএসপি | | | এমওপি | | | ডিএপি | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ | বরাদ্দ | উত্তোলন | মজুদ |
| ১ | পবা | ১৩৮ | ৭৮ | ৩২৫ | ৪৫ | ৩২ | ১৪৬ | ৪৫ | ৩৬ | ৩৫ | ১০২ | ১২৫ | ২৬৭ |
| ২ | তানোর | ১৩১ | ৮৮ | ২২১ | ৫১ | ৩৬ | ২২০ | ৭৩ | ৫১ | ১৬ | ১২১ | ১৭৭ | ৮১ |
| ৩ | মোহনপুর | ২৪২ | ১৭৭ | ১৫৫ | ৪২ | ২২ | ১০০ | ৪২ | ২৪ | ৪০ | ২১২ | ৮ | ১৯৪ |
| ৪ | বাগমারা | ১৪৫ | ৯৩ | ৩৯ | ৫৯ | ৪১ | ৩০ | ৬৩ | ১৫ | ৯ | ১৩৭ | ৮৫ | ৩৭ |
| ৫ | দুর্গাপুর | ১৩৬ | ৩৫৪ | ২৯২ | ৫৭ | ৭৮ | ১৫১ | ৭১ | ৭৮ | ১ | ১৭৮ | ১৫০ | ৩২২ |
| ৬ | পুঠিয়া | ১৪৮ | ৩১৬ | ৬৫০ | ৩৯ | ১৩ | ৮৫ | ৭৩ | ৯ | ২৫ | ১৫৭ | ১০৫ | ২৫৪ |
| ৭ | গোদাগাড়ী | ৬৬৬ | ১৩৮ | ১৮৩ | ১২২ | ১১৬ | ৩০০ | ১৩৩ | ০ | ৭৮ | ২৬৮ | ১৭১ | ৪৩৪ |
| ৮ | চারঘাট | ১৫৭ | ৭২ | ১৪২ | ৩২ | ১৪ | ৩৩ | ৬১ | ২০ | ৫০ | ১৫০ | ৫১ | ৮৪ |
| ৯ | বাঘা | ২৫১ | ৯৫ | ২৬১ | ৫১ | ৪৬ | ১৩৮ | ৫৫ | ২৬ | ৩৩ | ১৮৯ | ১৩৯ | ২৫৩ |
| ১০ | বোয়ালিয়া | ১২ | ০ | ৮ | ৩ | ০ | ৫ | ৪ | ৪ | ১ | ৯ | ১৯ | ৯ |
| ১১ | মতিহার | ৮ | ৮ | ১০ | ৩ | ৩ | ৪ | ৩ | ০ | ৩ | ৭ | ০ | ৫ |
| | মোট | ২০৩৪ | ১৪১৯ | ২২৮৬ | ৫০৪ | ৪০১ | ১২১২ | ৬২৩ | ২৬৩ | ৩২১ | ১৫৩০ | ১০২৯ | ১৯৪০ |

তিনি আরও বলেন যে, রাজশাহী বাফার গুদামে ৭৮৯৯ মেঃটন ইউরিয়া সারের মজুদ রয়েছে। বিএডিসি'র গুদামে টিএসপি ৩৪৫৬ মেঃটন, এমওপি ৪৬২০ মেঃটন এবং ডিএপি ২৯০২ মেঃটন সার মজুদ রয়েছে। জেলায় যথেষ্ট সার মজুদ থাকায় বর্তমানে সারের কোন সমস্যা নেই। কৃষক পর্যায়ে সরকার নির্ধারিত মূল্যে ইউরিয়া সার সর্বোচ্চ বস্তা প্রতি ১৩৫০/- টাকা, টিএসপি ১৩৫০/- টাকা, এমওপি ১০০০/- টাকা এবং ডিএপি ১০৫০/- টাকায় বিক্রয় হচ্ছে। গত বছর এই দিনে বিভিন্ন সারের মজুদ ছিল ইউরিয়া ২৭৪৭ মেঃটন, টিএসপি ৮৫৫ মেঃটন, এমওপি ৪৫৯ মেঃটন এবং ডিএপি ২৬৪৪ মেঃটন। উন্মুক্ত আলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত : (১) সকল সার ডিলারকে সময়মত বরাদ্দের বিপরীতে টাকা জমা এবং অনুত্তোলিত সার দ্রুত উত্তোলন এবং সার উত্তোলনের সাথে সাথে আগমনী বার্তা সংশ্লিষ্ট দপ্তরে প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

(২) সার বিতরণ ব্যবস্থা মনিটরিং জোরদারকরণ এবং কোনক্রমেই যাতে সরকার নির্ধারিত মূল্যের অধিক মূল্যে সার বিক্রয় না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

আলোচনা - ৩ : রাসায়নিক সারের মূল্য পুন:নির্ধারণ প্রসঙ্গে।

সদস্য সচিব ও উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী সভাকে জানান যে, কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং ১২.০০.০০০০.০৩০.৪০.০১৭.২২-২০ তারিখ ২০/০৪/২০২৩ তারিখের পত্রে সরকার ইউরিয়া, টিএসপি, ডিএপি ও এমওপি সারের মূল্য কেজি প্রতি ৫/-(পাঁচ) টাকা হারে অর্থাৎ কেজি প্রতি ইউরিয়া সারের মূল্য ডিলার পর্যায়ে ২০/- টাকার পরিবর্তে ২৫/- টাকা, কৃষক পর্যায়ে ২২/- টাকার পরিবর্তে ২৭/- টাকা, কেজি প্রতি টিএসপি সারের মূল্য ডিলার পর্যায়ে ২০/- টাকার পরিবর্তে ২৫/- টাকা, কৃষক পর্যায়ে ২২/- টাকার

পরিবর্তে ২৭/- টাকা, কেজি প্রতি ডিএপি সারের মূল্য ডিলার পর্যায়ে ১৪/- টাকার পরিবর্তে ১৯/- টাকা, কৃষক পর্যায়ে ১৬/- টাকার পরিবর্তে ২১/- টাকা, কেজি প্রতি এমওপি সারের মূল্য ডিলার পর্যায়ে ১৩/- টাকার পরিবর্তে ১৮/- টাকা, কৃষক পর্যায়ে ১৫/- টাকার পরিবর্তে ২০/- টাকা নির্ধরণ করেছে। পত্রে সারের নতুন মূল্য ১০ এপ্রিল ২০২৩ তারিখ হতে কার্যকর করে ১০ এপ্রিল ২০২৩ তারিখের পূর্বে উত্তোলিত এবং ডিলারের নিকট মজুতকৃত সার পূর্ব নির্ধারিত মূল্যে কৃষকের নিকট বিক্রয়ের নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া ১০ এপ্রিল ২০২৩ তারিখে ডিলারের নিকট অবিক্রিত সারের মজুদ নির্ধারণ পূর্বক নির্ধারিত ছকপত্রে প্রতিবেদন কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত : (১) ১০ এপ্রিল ২০২৩ তারিখের পূর্বে উত্তোলিত এবং ডিলারের নিকট মজুতকৃত সার পূর্ব নির্ধারিত মূল্যে কৃষকের নিকট বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটিকে অনুরোধ জানানো হলো।

(২) কৃষি মন্ত্রণালয়ের পত্রের নির্দেশনা মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার ও স্থানীয় পর্যায়ে বাংলাদেশ ফার্টিলাইজার এসোসিয়েশনের একজন প্রতিনিধির সমন্বয়ে তিন সদস্য বিশিষ্ট কমিটির মাধ্যমে প্রদত্ত ছকপত্রে সংশ্লিষ্ট ডিলারগণের নিকট অবিক্রিত সারের নিরুপিত মজুদ প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/০৪/২০২৩

শামীম আহমেদ
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
রাজশাহী
ফোন ০২৫৮৮৮৫৭০৫০ (অফিস)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালক এর কার্যালয়
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী

স্মারক নং ১২.০১.৮১০০.০০০.০৬.০০২.১৯- ৭৪১ তারিখঃ ৩০/০৪/২০২৬খ্রিঃ

বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-১ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০২. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-২ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৩. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৩ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৪. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৪ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৫. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৫ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৬. মাননীয় সংসদ সদস্য, রাজশাহী-৬ ও উপদেষ্টা, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, রাজশাহী।
০৭. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ জনাব শেখ বদিউল আলম, কৃষি অর্থনীতিবিদ।
০৮. চেয়ারম্যান, বিসিআইসি, বিসিআইসি ভবন, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।
০৯. চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা।
১০. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১১. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
১২. জেলা প্রশাসক, রাজশাহী।
১৩. পুলিশ সুপার, রাজশাহী।
১৪. -৫৬.
..............................................................................(কমিটির সকল সদস্য)
..............................................................................
..............................................................................

৩০/০৪/২৬
উপ-পরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
রাজশাহী
ও সদস্য সচিব
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি
ফোন ০২৫৮৮৮-৬১৭৭১